

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ)

আইডিইবি ভবন(৪র্থ ও ৫ম তলা), ১৬০/এ, কাকরাইল ঢাকা-১০০০।
web www.cevdsc.gov.bd

নথি নং-৪/মুসক/৮(২৭২)করফাঁকি/আটক/বিচার/২০২০/

তাং- /০৯/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশন ১৮০ মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ জারীকরণ

সূত্রঃ (০১) সিদ্ধিক বাজার কেন্দ্রীয় গুদাম-২ এর জি আর নং-০১/২০১৯, তারিখ: ২৯/১২/২০১৯ খ্রিঃ।
(০২) সমন্বিত জারিকৃত কারণ দর্শানো নোটিশ নং-৪২৩(১-৩), তারিখঃ ২৯/০৭/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কোস্ট গার্ড স্টেশন, পাগলা, নারায়নগঞ্জ কর্তৃক বিভিন্ন মালামালসহ চালক/যাত্রী বিহীনভাবে একটি বাক্সহেড (এম-৮৩৯৭) আটক করা হয়। পরবর্তীতে আটককৃত বাক্সহেডটি উক্ত দপ্তর এর জিম্মায় রেখে অন্যান্য মালামাল জি আর নং-০১/২০১৯, তারিখঃ ২৯/১২/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ) ঢাকা এর আওতাধীন সিদ্ধিক বাজার কেন্দ্রীয় গুদাম নং-০২ এ জমা প্রদান করা হয়েছে। আটককৃত মালামাল এর বিবরণ নিম্নের ছকে উপস্থাপন করা হলোঃ

ক্র. নং	মালের বিবরণ	সংখ্যা/পরিমাণ	একক মূল্য (আনুমানিক)	মোট মূল্য (আনুমানিক)
[০১]	[০২]	[০৩]	[০৪]	[০৫]
০১	বেনারশি কাতান (মধ্যম মানের)	২৬৬২ পিস	৬,০০০/-	১,৫৯,৭২,০০০/-
০২	বিভিন্ন রকমের শাড়ি (নিম্ন মানের)	৯৮৬০ পিস	১,৮০০/-	১,৭৭,৪৮,০০০/-
০৩	লেহেঙ্গা (মধ্যম মানের)	২২৪ পিস	৯,০০০/-	২০,১৬,০০০/-
০৪	শ্রী পিছ (নিম্ন মানের)	২৪৯ পিস	১,৮০০/-	৪,৪৮,২০০/-
০৫	জুতা (নিম্ন মানের)	৫০ জোড়া	১০০/-	৫,০০০/-
০৬	শাল চাদর (নিম্ন মানের)	৩৩৬ পিস	১,২০০/-	৪,০৩,২০০/-
০৭	সেরোয়ানী (নিম্ন মানের)	৮৮ পিস	৬০০/-	৫২,৮০০/-
০৮	পাঞ্জাবী (নিম্ন মানের)	৩০৮ পিস	৫০০/-	১,৫৪,০০০/-
০৯	বাক্সহেড (ইঞ্জিনসহ)	০১ টি	৩০,০০,০০০/-	৩০,০০,০০০/-
মোট				৩,৯৭,৯৯,২০০/-

০৩। আটককৃত পণ্যের মধ্যে শুধুমাত্র বাক্সহেডটির মালিকানা দাবী করে জনৈক ডাঃ মোঃ হেদায়েতুল ইসলাম এ দপ্তরে একটি আবেদন করেছেন। অন্যান্য পণ্যের মালিকানা দাবী করে কেউ অত্র দপ্তরে আবেদনপত্র দাখিল করেননি। মামলার আটক প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, আটককৃত উক্ত যানবাহনসহ পণ্যের ক্ষেত্রে The Customs Act, 1969 এর Section-2 এর দফা (s) এর Clause (c) মোতাবেক চোরাচালান করাসহ The Customs Act এর Section-16 এবং সেই সঙ্গে পঠিতব্য The Imports and Exports (Control) Act, 1950 এর Section-3(1) এর বিধানাবলী লংঘন করা হয়েছে, যা The Customs Act এর Section-156(1) এর Table এর Clause-8 & 9(i) এর বিধান মোতাবেক দণ্ডনীয় অপরাধ এবং আটককৃত উক্ত দাবীদার বিহীন মালামাল রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তযোগ্য।

০৪। এ প্রেক্ষিতে মালিকানা (যদি থাকে) দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদিসহ উল্লিখিত মালামালসমূহ কেন রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবেনা তার যথাযথ জবাব ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি স্ট্যাম্পসহ লিখিতভাবে (বক্তব্যের সমর্থনে দলিলাদিসহ) পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করার জন্য (০২) নং সূত্রোল্লিখিত পত্রের মাধ্যমে কারণ দর্শানো নোটিশ জারি করা হলেও পণ্যের মালিকানা দাবি করে কেহ আবেদন করেননি। এমতাবস্থায়, আটককৃত পণ্যের মালিকানা দাবিদার (যদি থাকে) আগামী ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখে মধ্যে মালিকানার স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদিসহ নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন করার জন্য হলা হলো। এ মামলার বিষয়ে আপনি/আপনারা ব্যক্তিগত শুনানী প্রদানে আগ্রহী কিনা তাও লিখিতভাবে উল্লেখ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে কোন দাবিদার না পাওয়া গেলে প্রাপ্ত তথ্য/দলিলের ভিত্তিতে আটককৃত পণ্য রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করার মাধ্যমে মামলাটি আইনানুগভাবে নিষ্পত্তি করা হবে।

স্বাক্ষর -

[এস এম হুমায়ুন কবীর]

কমিশনার

ফোন-০২-৫৮৩১৫৯৬৪

Email-eevdhksouth@yahoo.com

নথি নং-৪/মূসক/৮(২৭২)করফাঁকি/আটক/বিচার/২০২০/ ৫৬৭ (০১)

তাং- ১৩/০৯/২০২০ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

- ০১। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। [তাকে নোটিশটি নোটিশ বোর্ডে প্রদর্শনসহ সদর দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]।
- ০২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কোতয়ালী বিভাগ, ঢাকা। [তাকে নোটিশটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো]।
- ০৩। মোঃ হুমায়ুন কবীর, সহকারী রাজস্ব কর্মকর্তা (গুদাম কর্মকর্তা), সিদ্দিক বাজার, ঢাকা। [তাকে নোটিশটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো]।

স্বাক্ষর
১৩/০৯/২০২০
[প্রমীলা সরকার]
অতিরিক্ত কমিশনার

স্বাক্ষর
৩১/০৮/২০২০